

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৩৪
আগরতলা, ২ মার্চ, ২০২৪

মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দুসেনা রেডিউ নাল্লু আজ সকালে উদয়পুরের মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির পরিদর্শন করেন। রাজ্যপাল মন্দিরে পুজোও দেন। মন্দির পরিদর্শনের সময় গোমতী জেলার জেলাশাসক তড়িৎকান্তি চাকমা মন্দিরের বর্তমান নির্মাণ কাজ সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন। দর্শনার্থীরা আরও কি করে ভালভাবে মাঝের পুজো দিতে পারবেন সেবিষয়ে রাজ্যপাল প্রয়োজনীয় পরামর্শ দেন। রাজ্যপালের মন্দির পরিদর্শনের সময় গোমতী জেলার পুলিশ সুপার নমিত পাঠকও উপস্থিত ছিলেন।
